বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-১৫১

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৫ খ্রিঃ

**দপ্তরাদেশ**

জনাব সমীর বিশ্বাস (পরিচিতি নং-৯০০৬১৭০০৩), সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর বিরুদ্ধে যুগ্ম দায়রা জজ ১ম আদালত, দিনাজপুর এ দায়রা মামলা নং-২৪/২০২৩ এর আদেশ অনুযায়ী গ্রেফতারী পরোয়ানা বাগেরহাট থানায় আসার খবর পেয়ে তিনি গ্রেফতার এড়ানোর উদ্দেশ্যে গত ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে দীর্ঘদিন অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়াও, তিনি সরকারি চাকরি ও জমি লিজ দেওয়ার প্রলোভন দেখিয়ে একাধিক ব্যক্তির নিকট হতে অর্থ আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ রয়েছে। যাদের নিকট হতে অর্থ আত্মসাৎ করেছেন তারা প্রতিদিনই তার অফিসে এসে অভিযোগ জানাচ্ছেন এবং নির্বাহী প্রকৌশলী এর নিকট মুঠোফোনে অভিযোগ দিচ্ছেন মর্মেও অভিযোগ রয়েছে। তার এহেন কর্মকাণ্ডের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে প্রতিনিয়ত বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হচ্ছে। এরূপ প্রেক্ষাপটে উল্লেখিত অভিযোগসমূহের প্রেক্ষিতে তার বিরুদ্ধে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-২০ তারিখঃ ২২/০১/২০২৫ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করা হয় এবং ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত পত্রটি তার কর্মস্থলের ঠিকানায় রেজিঃ এডি যোগে প্রেরণ করা হয় এবং একইসাথে পত্রটি তার স্থায়ী ঠিকানায় রেজিঃ এডি যোগে প্রেরণ করা হয়। কর্মস্থলের ঠিকানায় প্রেরিত পত্রটি **"উক্ত অফিসে গত ৪/৫ মাস যাবৎ উপস্থিত থাকে না বিধায় বিলি করা গেল না"** মন্তব্য সহকারে ফেরত আসে। তাছাড়া, স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি অত্র দপ্তরে ফেরত আসেনি এবং অদ্যাবধি উহার কোন জবাবও পাওয়া যায়নি।

২। অতঃপর, জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর বিরুদ্ধে কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-৫১ তারিখ: ০৬/০৩/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা এর বিরুদ্ধে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড আরোপের লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-১১৩, তারিখ: ২৪/০৫/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে প্রস্তাবিত দণ্ড কেন আরোপ করা হবে না-এই মর্মে কারণ দর্শানো নোটিশ জারি করতঃ ৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নিমিত্তে উক্ত পত্রখানা তার কর্মস্থলের ঠিকানা অর্থাৎ বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর ঠিকানায় এবং স্থায়ী ঠিকানায় অর্থাৎ জনাব সমীর বিশ্বাস, পিতা-গৌরাঙ্গ বিশ্বাস, গ্রাম+ডাকঘর-রঘুনাথপুর, থানা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ এর ঠিকানায় প্রাপ্তি স্বীকার পত্রসহ নিবন্ধিত ডাকযোগে প্রেরণ করা হয় এবং একই সাথে উক্ত কারণ দর্শানো নোটিশটি বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়। সেই সাথে উক্ত নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হয়। তৎপ্রেক্ষিতে, জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা তার উপর চাকরি হতে বরখাস্ত দণ্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানোর জবাব প্রদান করেছেন।

৪। জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা এর প্রদত্ত জবাবে আনীত অভিযোগসমূহের সুনির্দিষ্ট ও গ্রহণযোগ্য ব্যাখ্যা প্রদান করতে ব্যর্থ হয়েছেন। তিনি তার যে আর্থিক ও পারিবারিক জটিলতার কথা উল্লেখ করেছেন তা সমবেদনার যোগ্য হলেও উক্ত বিষয়াবলি সরকারী চাকরির শৃঙ্খলা পরিপালনের ক্ষেত্রে দায়িত্বহীনতা ও অনিয়মকে বৈধতা দিতে পারে না। তার বিরুদ্ধে দায়রা মামলা নং-২৪/২০২৩ এর প্রেক্ষিতে গ্রেফতারি পরোয়ানা জারির পর তিনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তদন্ত প্রতিবেদন দৃষ্টে পরিলক্ষিত হয়, তার বিরুদ্ধে ০৩(তিন)টি চেক ডিজ-অনার ফৌজদারি মামলার আদেশ পাওয়া যায়। উল্লিখিত মামলাসমূহের আদেশে তাকে বিভিন্ন মেয়াদে বিনাশ্রম কারাদণ্ড ও অর্থ দণ্ড প্রদান করা হয়েছে। তাছাড়াও, তার বিরুদ্ধে আরও মামলা চলমান আছে মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেছেন।

অঃপৃঃদ্রঃ

৫। অধিকন্তু, জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা চাকরি দেয়ার প্রলোভন দেখিয়ে জনাব কিশোর চন্দ্র দে, গ্রাম-বর্নি, থানা- টুংগীপাড়া, জেলা- গোপালগঞ্জ এর নিকট হতে ৯,০০,০০০/- এবং জনাব কানন বাড়ৈ, লস্কর, খুলনা ড্রেজার বিভাগ, বাপাউবো, খুলনা এর নিকট হতে ৬,০০,০০০/- টাকা গ্রহণ করেছেন। যা উক্ত ২জন ব্যক্তির বক্তব্য এবং দাখিলকৃত প্রমানক হতে প্রমানিত হয়। তিনি বাপাউবো এর জমি লিজ পাইয়ে দেওয়ার নামে জনাব মোঃ আজিজুল হক মল্লিক, পিতা-আব্দুস সামাদ মল্লিক, সাং- পি.সি ডেমা, ডাকঘর-কাশিমপুর বাজার, থানা+জেলা- বাগেরহাট এর নিকট হতে ২১,০০০/- টাকা এবং জনাবা শর্মিলা বৈদ্য, গ্রাম-গোয়ারা উপজেলা-রূপসা, খুলনা এর নিকট হতে ৪৫,০০০/- টাকা গ্রহণ করেছেন মর্মে লিখিত বক্তব্য পাওয়া যায় যা টেলিফোনের মাধ্যমে তদন্ত কর্মকর্তা নিশ্চিত হয়েছেন। এছাড়াও, তিনি বাপাউবো এর নামে ভুয়া হাত রশিদ তৈরী করে জনাব পাগল চন্দ্র বৈরাগির নিকট হতে ইজারা বাবদ ৫,৫২০/- টাকা গ্রহণ করেছেন। তার এ ধরণের কার্যক্রম দাপ্তরিক পরিবেশকে ব্যাহত করেছে এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে বিব্রতকর পরিস্থিতিতে ফেলেছে।

৬। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে। এক্ষণে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ হতে বাপাউবো'র "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৮। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩১৬.২৪-১৫১(৮)

তারিখঃ ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৫। নির্বাহী প্রকৌশলী, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৭। (ক) জনাব সমীর বিশ্বাস, সহকারী রাজস্ব কর্মকর্তা, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।
(খ) জনাব সমীর বিশ্বাস, পিতা-গৌরাঙ্গ বিশ্বাস, গ্রাম+ডাকঘর-রঘুনাথপুর, থানা-গোপালগঞ্জ সদর, জেলা-গোপালগঞ্জ।

০৮/০৭/২০২৫
(শেখ মোঃ আবদুল খালেদ)
উপপরিচালক
পরিচিতি নং-৭১১২১৬০০১

ডায়েরী নং ৯৮৭
তারিখঃ ৯/৭/২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\...Dismiss.docx